

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৫৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - নাম রাখা

بَابُ الْأُسَامِيْ

আরবী

وَعَن زينبَ بنتِ أبي سلَمةَ قَالَتْ: سُمِّيتُ بَرَّةَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ «لَا تُزَكُّوا أَنْفُسَكُمْ اللَّهُ أَعْلَمُ بِأَهْلِ الْبِرِّ مِنْكُمْ سَمُّوهَا زَيْنَبَ» . رَوَاهُ مُسلم

বাংলা

8৭৫৬-[৭] যায়নাব বিনতু আবূ সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমার নাম ''বাররাহ্'' রাখা হয়েছে। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা নিজেদের পবিত্রতা নিজেরাই প্রকাশ করো না। তোমাদের মধ্যে কে পুণ্যবান, তা আল্লাহ্ তা'আলাই বেশি জানেন। তাঁর নাম যায়নাব রাখো। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১৯-(২১৪২), আবূ দাউদ ৪৯৫৩, সিলসিলাতুস্ সহীহাহ্ ২১০, সহীহুল জামি' ৭২৯৭, সহীহ আতৃ তারগীব ওয়াতৃ তারহীব ১৯৮৩, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ২০১৭১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ যায়নাব (রাঃ) বলেন, আমার নাম ছিল বাররাহ্ (পুণ্যবতীর কাছ থেকে উত্থিত হয়েছে)। অতঃপর আমার নাম রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম যায়নাব রাখলেন। (শারহুন নাবাবী ১৪শ খন্ড, হাঃ ১৯-[২১৪২])

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ যায়নাব বিনত আবু সালামাহ (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন